

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশীবাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র নং- ৪৪.০৪.০০০০.০০৭.০১.০০১.২৬. ২০

তারিখঃ ০১ চৈত্র ১৪৩২
১৩ মার্চ ২০২৬

বিষয়ঃ দেশের বিভিন্ন কারাগারে জলবসন্ত (Chicken Pox) প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

বাংলাদেশের বিভিন্ন কারাগারে আবাসিক বন্দিদের মধ্যে সংক্রামক রোগের বিস্তার রোধের লক্ষ্যে জলবসন্ত (Chicken Pox) প্রতিরোধে প্রয়োজনীয় সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা অত্যন্ত জরুরি। জলবসন্ত একটি অত্যন্ত সংক্রামক ভাইরাসজনিত রোগ হওয়ায় কারাগারের মতো ঘনবসতিপূর্ণ পরিবেশে দ্রুত ছড়িয়ে পড়ার সম্ভাবনা থাকে।

এমতাবস্থায় দেশের সকল কেন্দ্রীয় কারাগার ও জেলা কারাগার সমূহে নিম্নোক্ত নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নের জন্য নির্দেশ প্রদান করা হলো।

- ১। কোনো বন্দির মধ্যে জ্বর, শরীরে ফুসকুড়ি বা জলবসন্তের লক্ষণ দেখা দিলে তাকে অবিলম্বে অন্যান্য বন্দিদের থেকে পৃথক কক্ষে (Isolation) রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
 - ২। আক্রান্ত বন্দিকে দ্রুত কারা হাসপাতাল/নিকটস্থ সরকারি হাসপাতালে প্রয়োজনীয় চিকিৎসা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং চিকিৎসকের পরামর্শ অনুযায়ী চিকিৎসা চালু রাখতে হবে।
 - ৩। আক্রান্ত বন্দির সংস্পর্শে আসা অন্যান্য বন্দিদের স্বাস্থ্য পর্যবেক্ষণে রাখতে হবে এবং উপসর্গ দেখা দিলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
 - ৪। বন্দিদের আবাসন কক্ষসমূহে পর্যাপ্ত বায়ু চলাচল নিশ্চিত করতে হবে এবং পরিষ্কার-পরিচ্ছন্নতা জোরদার করতে হবে।
 - ৫। বন্দিদের ব্যক্তিগত স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়ে সচেতন করতে হবে এবং সাবান দিয়ে নিয়মিত হাত ধোয়ার ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
 - ৬। কারা হাসপাতালের চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীগণকে এ বিষয়ে সতর্ক থাকতে হবে এবং কোনো সংক্রমণ দেখা দিলে তা দ্রুত কারা অধিদপ্তরকে অবহিত করতে হবে।
 - ৭। পরিস্থিতি গুরুতর হলে সংশ্লিষ্ট সিভিল সার্জন ও স্থানীয় স্বাস্থ্য কর্তৃপক্ষের সাথে সমন্বয় করে প্রয়োজনীয় জনস্বাস্থ্য ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- উল্লেখ্য, এ বিষয়ে গৃহীত কার্যক্রম সম্পর্কে কারা অধিদপ্তরকে অবহিত করতে হবে। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।


সৈয়দ আহতার হাসিব দেওয়ান
লেঃ কর্নেল
কারা উপ-মহাপরিদর্শক (স্বাস্থ্য)
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোন: ৫৭৩০০৪০০ (দপ্তর)
dighq1@prison.gov.bd

কারা উপ-মহাপরিদর্শক সকল বিভাগ, সকল সদর দপ্তর।
সিনিয়র জেল সুপার/জেল সুপার,
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী।
- ২। সহকারি কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
- ৩। জেল সুপার, প্রিজন্স হসপিটাল/ইজড ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট/আইসিটি সেল (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ), কারা অধিদপ্তর, ঢাকা।
- ৫। ডিপ্লোমা নার্স, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৬। ব্যক্তিগত সহকারী, কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ-মহাপরিদর্শক কারা অধিদপ্তর, ঢাকা। (সকল)
মহোদয়গণের সদয় অবগতির জন্য।
- ৭। দপ্তর কপি।